# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 JULY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর আজ নতুনদিল্লীতে ২০২৪-২৫ সালের স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কারগুলি প্রদান ।

২) গৌহাটী ও উত্তর লখিমপুরের ২০২৪-২৫ সালের স্বচ্ছতা জরীপ পুরস্কার গ্রহণ ।

৩) গোয়ালপারা জেলার পাইকানে উচ্ছেদ হোয়া লোক ও নিরাপত্তা বাহিনীর মধ্যে সংঘর্ষে একজন নিহত ও ২৪ জন আহত ।

এবং

৪) রাজ্যে শীঘ্র ৮ হাজার স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষকের নিযুক্তি ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে পরিচ্ছন্নতা হচ্ছে দেশের সাংস্কৃতিক চেতনার ভিত । নতুনদিল্লীতে আজ ২০২৪-২৫ সালের স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কারগুলি প্রদান করে ভাষন প্রসংগে শ্রী মতী মুর্মু একথা বলেন । স্বচ্ছ ভারত অভিযানের অধীনে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে চালানো প্রচেষ্টার প্রশংসা করে রাষ্ট্রপতি স্বচ্ছ সর্বেক্ষণ সফল পদক্ষেপ হিসেবে প্রমাণিত হয়েছে বলে উল্লেখ করেন ।

ইন্দোর শহর পুনরায় অষ্টম বারের জন্য দেশের সবথেকে পরিষ্কার শহর হিসেবে পরিগণিত হয়েছে । কেন্দ্রীয় সরকারের বার্ষিক পরিচ্ছনতা সমীক্ষায় সুরাট দ্বিতীয় স্থানে ও নবী মুম্বাই তৃতীয় স্থান লাভ করেছে । উল্লেখ্য এবারের সুপার স্বচ্ছ লীগ শহর ও পাচটি ভিন্ন ভিন্ন জনসংখ্যার শাখায় তিনটি শীর্ষ স্বচ্ছ শহর সহ মোট চারটি বিভাগে পুরস্কারগুলি প্রদান করা হয় । আজকের অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে ৭৮ টি পুরস্কার প্রদান করা হয় ।

-----------------------------------------------------------------------------------

স্বচ্ছ সর্বেক্ষণ ২০২৪-২৫ বর্ষের সমীক্ষা অনুযায়ি গুয়াহাটী উত্তর-পূর্ব ভারতের মধ্যে সবচাইতে পরিস্কার রাজধানী শহর হিসেবে পরিগণিত হয়েছে । সমীক্ষায় গুয়াহাটী জাতীয় পর্যায়ের প্রতিশ্রুতি সম্পন্ন স্বচ্ছ শহর পুরস্কার লাভ করেছে ।গুয়াহাটী পৌরনিগমের মেয়র মৃগেন শরণীয়া আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে আয়োজিত স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করে এই পুরস্কার গ্রহণ করেন ।গুয়াহাটী মহানগরী সহ উত্তর লক্ষিমপুর শহর উত্তরপূর্বাঞ্চল ভিত্তিক প্রতিশ্রুতি সম্পন্ন স্বচ্ছ শহর পুরস্কার লাভ করেছে ।৩ লক্ষ থেকে ১০ লক্ষ জনসংখ্যার মহানগরের তালিকায় গুয়াহাটী মহানগর দেশের মধ্যে ৪৪ তম স্থান দখল করেছে । অনাময় ব্যবস্থা এবং আবর্জনামুক্ত শহরের ক্ষেত্রে গুয়াহাটী প্রমাণপত্র লাভ করেছে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় গুয়াহাটীকে স্বচ্ছ ও পরিস্কার মহানগর হিসেবে গড়ে তুলতে রাজ্য সরকারের গ্রহণ করা প্রয়াসের স্বীকৃতি বলে মন্তব্য করেছেন ।

-----------------------------------------------------------------------------------

গোয়ালপারা জেলার কৃষ্ণাই থানার অর্ন্তগত বেতবারীতে পুলিশ , বনরক্ষী ও পাইকাল সংরক্ষিত  বনাঞ্চলের উচ্ছেদ হোয়া লোকেদের মধ্যে সংঘর্ষে একজনের মৃত্যু আরো ২৪ জন লোক আহত হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ টিমুং আকাশবানীর সংবাদদাতাকে জানিয়েছেন যে পাইকানের উচ্ছেদ হোয়া এলাকা দিয়ে যাওয়া একটি সড়কে বন বিভাগের লোক পুলিশের সহযোগীতায় পুনরায় উচ্চেদ চালালে উচ্ছেদ হোয়া লোকেরা বাধা দেওয়া সহ পাথর লাঠি ইত্যাদি দিয়ে আক্রমণ করে ।পরিস্থিতি নিয়ন্ত্রণ ও আত্মরক্ষার জন্য পুলিশ ও বনরক্ষী আক্রমনকারীদের লক্ষ্য করে গুলি চালায় । এর ফলে দুজন লোক আহত হয় ।আহত এক যুবককে গোয়ালপারা অসামরিক চিকিৎসালয়ে ভর্তি করানো হয় তবে সেখানে তার মৃতু হয় । গুরুতরভাবে আহত অন্য আরেকজন যুবককে গৌহাটী চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে প্রেরণ করা হয়েছে ।এদিকে এই ঘটনায় উত্তেজিত জনসাধারণের আক্রমণে ১৪ জন পুলিশের লোক ও ৯ জন বনরক্ষী আহত হন । আহতদের নিকটবর্তী চিকিৎসালয়ে ভর্তি করানো হয়েছে বলে সূত্রে জানা গেছে ।  ঘটনাস্থলে জেলার আয়ুক্ত  প্রদীপ টিমুং  , আসাম পুলিশের আইন শৃঙ্খলা শাখার মহাপরিদর্শক অখীলেশ কুমার সিং সহ বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনেন ।এদিকে এই ঘটনায় জড়িত পাচজন লোককে আটক করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

উচ্ছেদ অভিযান চালানোর সময় কোন লোক  পুলিশকে আক্রমণ করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন ।এই ধরণের ঘটনার জন্য উচ্ছেদ হওয়া লোকেদের বিরুদ্ধে মামলা দায়ের করা হবে বলে তিনি জানান ।গোয়ালপারা জেলার পাইকানে একাংশ উচ্ছেদ হওয়া লোকেদের পুলিশকে আক্রমণ করার ঘটনা সম্পর্কে প্রতিক্রিয়া ব্যাক্ত করে মুখ্যমন্ত্রী একথা জানান ।

---------------------------------------------------------------------------------------

সংসদের বর্ষাকালীন অধিবেশন আগামী সোমবার থেকে শুরু হচ্ছে । এই অধিবেশন আগামী ২১ শৈ অগাষ্ট পর্যন্ত চলবে ।এই অধিবেশনে ৮ টি নতুন বিল উত্থাপন হওয়ার সম্ভাবনা রয়েছে ।এর মধ্যে ভৌগলিক দিক থেকে ঐতিহ্যপূর্ণ ক্ষেত্রসমুহের সংরক্ষণ , আয়কর বিল ২০২৫ , খনি ও খনিজ পদার্থ উন্নয়ন ও নিয়ন্ত্রন সংশোধনী বিল উত্থাপন করা হবে ।অধিবেশনে অপারেশন সিন্দুর ও নির্বাচন কমিশনের বিশেষ সংহত ভোটার তালিকা সংশোধন সম্পর্কে বিরোধি পক্ষের প্রশ্ন উত্থাপন করার সম্ভাবনা রয়েছে ।অধিবেশনে মণিপুরে রাষ্ট্রপতি শাসনের ম্যাদ বৃদ্ধি করার জন্য সংসদে অনুমতি চাওয়ার সম্ভাবনা রয়েছে । এদিকে সংসদের উভয় সভার কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সরকার অধিবেশনের পূর্বে  আগামী রবিবার একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে ।

---------------------------------------------------------------------------------------

কৃষিমন্ত্রী অতুল বরা ধেমাজিতে আজ দলীয় কর্মকর্তাদের সংগে সাংগঠনিক সভায় অংশ নেন । তিনি তৃণমূল কর্মীদের দলের প্রধান চালিকা শক্তি বলে অভিহিত করেন । তৃণমূল কর্মকর্তাদের সক্রিয় ভূমিকা ও উৎসর্গিত মনোভাব  সকলকে কাজে প্রেরণা যুগিয়ে আসছে বলে মন্ত্রী জানান । আসন্ন বিভিন্ন পরিষদীয় নির্বাচন ও ২০২৬  সালের বিধানসভা নির্বাচনের জন্য সকলকে অধিক সক্রিয় হবার জন্য তিনি আহ্বান জানান । সভায় মন্ত্রী শ্রী বরা দলটিকে শক্তিশালী করার স্বার্থে কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে শীঘ্র প্রায় ৮ হাজার স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষককে নিযুক্তি দেওয়া হবে । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ ডিব্রুগড় জেলার মরাণের খোরাং কলেজের ৪৩ তম প্রতিষ্ঠা দিবসে অংশ নিয়ে তার ভাষনে একথা জানান । তিনি বলেন যে নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের জন্য ও প্রায় ৫ হাজার ৫০০ শিক্ষকের নথিপত্র পরীক্ষার কাজ অব্যাহত রয়েছে । এই প্রক্রিয়া সম্পূর্ন হোয়ার পর শিক্ষকদের নিযুক্তি দেওয়া হবে বলে ডা: পেগু জানান ।

-------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে ভারতীয় বিমান বাহিনীতে অগ্নিবীর বায়ু এবং মেডিকেল অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য অনলাইন আবেদন করতে আহ্বান জানানো হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে ২০০৫ সালের দোসরা জুলাই থেকে ২০০৯ সালের দোসরা জানুয়ারীর মধ্যে জন্ম গ্রহন করা অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আগামী ৩১শে জুলাই-র মধ্যে আবেদন করতে পারবেন । উভয় পদের জন্য আগামী ২৫শে সেপ্টেম্বর অনলাইন পরীক্ষা অনুষ্ঠিত হবে । বিশদ বিবরন ও আবেদনের জন্য ওয়েব পোর্টাল www.airmenselection.cdac.in - এ যোগাযোগ করতে বলা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রনালয়ের পক্ষ থেকে গত সোমবার আনুষ্ঠানিকভাবে রাহ-বীর প্রকল্পের সূচনা করা হয়েছে । উল্লেখ্য রাহ-বীর প্রকল্পের অধীনে যদি কোন ব্যক্তি , দূর্ঘটনায় গুরুতর আহত কোন ব্যাক্তিকে দূর্ঘটনার পরে প্রথম এক ঘন্টার মধ্যে হাসপাতালে ভর্তি করতে সাহায্য করেন , তবে সাহায্যকারী ব্যাক্তিকে নগদ পাঁচ হাজার টাকা এবং একটি সরকারী স্বীকৃতির শংসাপত্র প্রদান করা হবে । যদি কোন ব্যাক্তি একাধিক প্রাণ বাঁচান , তবে ২৫ হাজার টাকা পুরষ্কার প্রদান করা হবে । এছাড়া  সারা দেশের মধ্যে প্রতি বছর নির্বাচিত ১০ জন সর্বোত্তম রাহ-বীরকে জাতীয় সম্মান ও এক লক্ষ টাকা পুরষ্কার প্রদান করা হবে ।

-------------------------------------------------------------------------------------------

সারা আসাম কলেজ কর্মচারী সংস্থার বরাক উপত্যকা জেলা কমিটির আহ্বানে গত সম্প্রতি রামকৃষ্ণ নগর কলেজে সংস্থার কার্য্যনির্বাহী সভা অনুষ্টিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ দীপংকর দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় কলেজ কর্মচারী সংস্থার বিভিন্ন সমস্যা নিয়ে এ সি টি এ-র সভাপতি ডক্টর জামাল উদ্দিন , সম্পাদক দেবজ্যোতি শর্মা , অধ্যাপক প্রনয় কুমার নাথ , অজয় কুমার দাস প্রমূখ বক্তব্য রাখেন ।সভায় সংস্থার বরাক উপত্যকা জেলা কমিটির ৫০ বছর উদযাপন করার প্রস্তাব গৃহীত হয় ।

-------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ১৫ই অগাষ্ট অনুষ্ঠিত স্বাধীনতা দিবসের কার্য্যসূচী স্থির করতে আগামী ২১শে জুলাই জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সকাল ১১টায় একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হবে । এই সভায় উপস্থিত থাকতে জেলা আয়ুক্তের পক্ষ থেকে পত্র যোগে সবাইকে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায়  ইয়ুথ ব্লোমিং  ক্লাব ১১ - ১ গোলে চিখুর এফ সি-কে পরাজিত করে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় সিংগারবন্দ ফুটবল একাডেমী খেলবে দিগর মার স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------